গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
এবং
সচিব, কৃষি মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ – জুন ৩০, ২০১৮

# সূচিপত্র

পৃষ্ঠা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র ....................................................................................৩

উপক্রমণিকা.................................................................................................... ৪

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.............. ৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ......................৭

**সংযোজনী ১:** শব্দসংক্ষেপ (Acronyms)......................................................................... ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি .........................................১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা...**১৫**

# মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Soil Resource Development Institute)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

মৃত্তিকা ব্যবস্থাপনা কার্যক্রমের মাধ্যমে দেশের ক্রমহ্রাসমান আবাদী জমি ও মৃত্তিকা সম্পদের যৌক্তিক, লাভজনক ও টেকসই ব্যবহার নিশ্চিতকরণ প্রধান কাজ। বিগত ৩ বছরে ৮০টি উপজেলার ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা হালনাগাদকরণ, মুদ্রণ এবং সংশ্লিষ্ট উপজেলায় বিতরণ করা হয়েছে। স্থায়ী গবেষণাগার, ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষাগার-এ প্রায় ৬৫,০০০টি মৃত্তিকা, পানি ও উদ্ভিদ নমুনা বিশ্লেষণ করা হয়েছে এবং ৬০,০০০টি সার সুপারিশ কার্ড প্রদান করা হয়েছে। উপজেলা নির্দেশিকা ব্যবহার বিষয়ে কৃষি সংশ্লিষ্ট ১,৫০০ জন কর্মকর্তা, ৩,০০০ জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা এবং মাটির নমুনা সংগ্রহ ও সুষম সার ব্যবহার বিষয়ে ৩৩,৫০০ জন কৃষককে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ভেজাল সার নির্ণয়ের জন্য ১০,১৫০টি সার নমুনা বিশ্লেষণ করা হয়েছে। সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণের জন্য ১,০০০ জন কৃষি সম্প্রসারণ কর্মী, সার ডিলার ও জন প্রতিনিধিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৪৫০টি ইউনিয়নের "ভূমি মাটি ও সার সুপারিশ"সহায়িকা, ২০,০০০টি "মাটির নমুনা সংগ্রহ পদ্ধতি" এবং ১০,০০০টি "সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণের পদ্ধতি" বিষয়ক পুস্তিকা মুদ্রণ ও বিতরণ করা হয়েছে। দেশের সকল উপজেলায় ডিজিটাল পদ্ধতিতে কৃষকের চাহিত ফসলের জন্য সুষম সার সুপারিশ কার্যক্রম এর পাশাপাশি অফলাইন ডিজিটাল সার সুপারিশ কার্যক্রম চালু করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

মাটির ভৌত গুণাগুন সংরক্ষণ ও ফসলের উত্তম বৃদ্ধির পরিবেশ সৃষ্টির জন্য মাটিতে ৫% জৈব পদার্থ বিদ্যমান থাকা প্রয়োজন কিন্তু দেশের অধিকাংশ কৃষি জমিতে জৈব পদার্থের পরিমাণ ১% হতে ১.৫%; এমনকি কোন কোন এলাকায় এরও কম। কৃষক কর্তৃক ফসল উপযোগিতা বিবেচনা না করে একই জমিতে বছরের পর বছর একাধিক ফসল উৎপাদন এবং ফসলের চাহিদা মোতাবেক সুষম সার ব্যবহার না করার কারণে মাটির উর্বরাশক্তি হ্রাস পাওয়া। এলাকা বিশেষে জমিতে লবণাক্ততা ও অম্লতার বিস্তৃতি । অপরিকল্পিতভাবে পাহাড়ী অঞ্চলে ভূমির যথেচ্ছ ব্যবহারের কারণে প্রতিনিয়ত ভূমির অবক্ষয়। যত্রতত্র গড়ে ওঠা শিল্প কারখানার বর্জ্য শোধনের সঠিক ব্যবস্থাপনা না থাকায় কৃষি জমির দূষণ। সাম্প্রতিক কালে গ্রামীণ বসতবাটি, নগরায়ন, শিল্পকারখানা, ইটখোলা এবং অন্যান্য অবকাঠামোর বিস্তৃতির কারণে উর্বরা কৃষি জমি অকৃষি জমিতে রূপান্তর। উল্লিখিত বিষয় সমূহে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা এবং সরকারি, বেসরকারি কৃষি সংশ্লিষ্ট কর্মী, জনপ্রতিনিধি ও কৃষকদের সচেতনতা বৃদ্ধির জন্য প্রতিনিয়ত তথ্য-উপাত্ত সৃজন , নবায়ন এবং প্রশিক্ষণ প্রদান।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

উপজেলা নির্দেশিকা হালনাগাদকরণের জন্য নিয়মিত উপজেলার মাঠ জরিপ এবং উপজেলা নির্দেশিকা প্রণয়ন ও মুদ্রণ কার্যক্রম অব্যাহত রাখা। অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন এর তথ্য-উপাত্ত হালনাগাদকরণ কার্যক্রম অব্যাহত রাখা। স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ সক্ষমতা বৃদ্ধি করা। এমএসটিএল এর মাধ্যমে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড প্রদান কার্যক্রম জোরদার ও সম্প্রসারণ করা। সার এর গুণগত মান নির্ণয়ে সার নমুনা বিশ্লেষণ সক্ষমতা আরও বৃদ্ধি করা। মৃত্তিকা ও সার ব্যবস্থাপণা বিষয়ক কৃষক ও কৃষি কর্মিদের প্রশিক্ষণ অব্যাহত রাখা। আইসিটি ব্যবহার সম্প্রসারণের মাধমে সেবা সহজীকরণ এবং অনলাইন সেবার মান বিস্তৃত করা।

২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- উপজেলা নির্দেশিকা হালনাগাদকরণের জন্য মাঠ জরিপ - ৩০টি উপজেলা।
- জরিপকৃত উপজেলার জন্য হালনাগাদকৃত উপজেলা নির্দেশিকা মুদ্রণ - ৩০টি।
- ইউনিয়ন ভিত্তিক ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা (ইউনিয়ন সহায়িকা) মুদ্রণ - ১২৫টি ।
- অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন এর জন্য তথ্য-উপাত্ত হালনাগাদকরণ - ৩০টি উপজেলা।
- স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ - ১৮,৫০০টি।
- ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড প্রদান - ৫,৬০০টি।
- সার এর গুণগত মান নির্ণয়ের জন্য সার নমুনা বিশ্লেষণ - ৩,৭০০টি (প্রাপ্তি সাপেক্ষে) ।
- মৃত্তিকা ও সার ব্যবস্থাপণা বিষয়ক কৃষক ও কৃষি কর্মিদের প্রশিক্ষণ - ৬,০০০ জন।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ..........০৮.........তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision):

ভূমি ও মৃত্তিকা সম্পদের টেকসই ও লাভজনক ব্যবহার এবং সুরক্ষিত মৃত্তিকা পরিবেশ।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

মৃত্তিকা ও ভূমি সম্পদের ইনভেন্টরি তৈরী। ভূমি ও মৃত্তিকা সম্পদের সক্ষমতাভিত্তিক শ্রেণীবিন্যাস। ভূমি ও মৃত্তিকা সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য সেবা গ্রহণকারীর উপযোগী নির্দেশিকা, পুস্তিকা ও সহায়িকা প্রণয়ন। সমস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা। শস্য উৎপাদন বৃদ্ধির জন্য টেকসই পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে সহায়তা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives):

১.৩.১ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর কৌশলগত উদ্দেশ্য

১) কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও সংরক্ষণ
২) কৃষক সেবা
৩) ভূমি ও মৃত্তিকার যৌক্তিক ও লাভজনক ব্যবহার নিশ্চিতকরণে মানবসম্পদ উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর
৪) সারের গুণগতমান নির্ণয়
৫) সমস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা
৬) কর্ম ব্যবস্থাপনায় পেশাদারীত্বের উন্নয়ন

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য

১)দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২) কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩) আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন
৪) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১.৪.১ আকাশ চিত্রের বিশ্লেষণ এবং মাঠ জরিপ ও গবেষণাগারে মৃত্তিকা পরীক্ষার ভিত্তিতে সমগ্র দেশের আধা-বিস্তারিত (Semi Detailed) মৃত্তিকা জরিপ।

১.৪.২ কৃষি সম্প্রসারণ এবং গবেষণা কর্মীদের জন্য উপজেলাভিত্তিক মৃত্তিকা ও কৃষি উন্নয়নের সম্ভাবনা বিষয়ক একটি সহজবোধ্য উপজেলা নির্দেশিকা এবং ইউনিয়ন ভিত্তিক ভূমি, মৃত্তিকা এবং সার সুপারিশ সহায়িকা প্রণয়ন ও প্রকাশনা।

১.৪.৩ সমস্যাক্লিষ্ট মাটি যথা- বিষাক্ত (toxic) মাটি, উপকূলীয় এলাকার লবণাক্ত মাটি, ক্ষার ও পিট মাটির অবক্ষয় এবং ক্ষয়যুক্ত মৃত্তিকা (পাহাড়ী অঞ্চলে) এলাকা চিহ্নিতকরণ এবং সমস্যাক্লিষ্ট মৃত্তিকা পুনরুদ্ধার পরিকল্পনা প্রণয়ন ও পানি বিভাজিকা ব্যবস্থাপনার জন্য (Water shed Management) মৃত্তিকা জরিপ , প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা।

১.৪.৪ বিভিন্ন জরিপের মাধ্যমে সনাক্তকৃত মৃত্তিকার পারস্পারিক সম্পর্ক নিরূপণ (Soil Correlation), মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ক বিভিন্ন প্রকার মানচিত্র ও প্রতিবেদন প্রণয়ন এবং প্রকাশনা।

১.৪.৫ বিভিন্ন উপকারভোগী সংস্থার উন্নয়ন প্রকল্প এলাকা এবং গবেষণা খামারের বিস্তারিত/আধা-বিস্তারিত মৃত্তিকা জরিপ।

১.৪.৬ মৃত্তিকার গুণাগুন বিষয়ক তথ্য-উপাত্ত সঠিকভাবে ব্যবহারের জন্য বিভিন্ন স্তরের কৃষি সম্প্রসারণকর্মি, গবেষণাকর্মি ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান।

১.৪.৭ স্থায়ী মৃত্তিকা গবেষণাগার ও ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষাগারের (এমএসটিএল) মাধ্যমে কৃষকের মাটির নমুনা পরীক্ষা করে বিশ্লেষণের ফলাফল ও ফসলের চাহিদা অনুযায়ী সুষম সার সুপারিশ কার্ড প্রদান।

১.৪.৮ মোবাইল ফোন এবং ইউডিসি (ইউনিয়ন ডিজিটাল সেন্টার)-এর মাধ্যমে ইনস্টিটিউট কর্তৃক সৃজিত মৃত্তিকা উর্বরতা বিষয়ক বিশাল তথ্য-উপাত্তের ভিত্তিতে দেশের যে কোন অঞ্চলের কৃষকের চাহিদা অনুযায়ী ফসলের ডিজিটাল (অনলাইন) সার সুপারিশ প্রদান।

## সেকশন ২

## মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব ( Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | চূড়ান্ত ফলাফল সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ভূমি ও মৃত্তিকা সম্পদ এর সার্বিক তথ্য উপাত্তের পর্যাপ্ততা | মুদ্রিত উপজেলাভিত্তিক ভূমি ও মৃত্তিকা সম্পদ ব্যবহার নির্দেশিকা( নবায়নকৃত) | সংখ্যা | ২০ | ২৫ | ৩০ | ৪০ | ৫০ | বিএআরসি, বারি, ব্রি, বিনা ও ডিএই | এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন |
| | মুদ্রিত ইউনিয়নভিত্তিক ভূমি, মাটি ও সার সুপারিশ সহায়িকা | সংখ্যা | ১৭০ | ১০০ | ১২৫ | ১২৫ | ১৫০ | - | এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন |
| | বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সংখ্যা | ২২,০০০ | ২২,৫০০ | ২২,৭৫০ | ২৩,০০০ | ২৩৫০০ | ডিএই | এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন |

* সাময়িক

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| ১. কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও সংরক্ষণ | ৪০ | ১.১ উপজেলা নির্দেশিকা হালনাগাদকরণের জন্য মাঠ জরিপ | ১.১.১ জরিপকৃত উপজেলা | সংখ্যা | ১৫ | ১৫ | ২৫ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৪০ | ৫০ |
| | | ১.২হালনাগাদকরণের জন্য উপজেলা নির্দেশিকা প্রণয়ন ও মুদ্রণ | ১.২.১ মুদ্রিত উপজেলা নির্দেশিকা | সংখ্যা | ১৫ | ২০ | ২৫ | ৩০ | ২৭ | ২৪ | ২১ | ১৮ | ৪০ | ৫০ |
| | | ১.৩ ইউনিয়ন ভিত্তিক ভূমি,মাটি ও সার সুপারিশ সহায়িকা প্রণয়ন এবং মুদ্রণ | ১.৩.১ মুদ্রিত ইউনিয়ন সহায়িকা | সংখ্যা | ১০ | ১৭০ | ১০০ | ১২৫ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১২৫ | ১৫০ |
| ২. কৃষক সেবা | ২০ | ২.১.অন লাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন সিস্টেমের জন্য তথ্য-উপাত্ত হালনাগাদকরণ | ২.১.১ তথ্য-উপাত্ত হালনাগাদকৃত উপজেলা | সংখ্যা | ৫ | ২০ | ২০ | ৩০ | ১৮ | ১৭ | ১৬ | ১৫ | ৪০ | ৫০ |
| | | ২.২ স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ | ২.২.১ বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | সংখ্যা | ১০ | ১৮,০০০ | ১৮,২০০ | ১৮,৫০০ | ১৭,৮০০ | ১৭,৫০০ | ১৭,২০০ | ১৭,০০০ | ১৮,৮০০ | ১৯,০০০ |
| | | ২.৩ এমএসটিএল এর মাধ্যমে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড বিতরণ | ২.৩.১ বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সংখ্যা | ৫ | ৫,৬০০ | ৫,৬০০ | ৫,৬০০ | ৫,৩৫০ | ৫,১০০ | ৪,৮৫০ | ৪,৬০০ | ৫,৬০০ | ৫,৬০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৩. ভূমি ও মৃত্তিকার যৌক্তিক ও লাভজনক ব্যবহার নিশ্চিতকরণে মানবসম্পদ উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর | ৯ | ৩.১ মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক কৃষক ও কৃষি কর্মীদের প্রশিক্ষণ | ৩.১.১. প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষক | সংখ্যা | ৪ | ১২,০০০ | ১২,০০০ | ৬,০০০** | ৫,৮০০ | ৫,৬০০ | ৫,৪০০ | ৫,২০০ | ৭,০০০ | ১০,০০০ |
| | | ৩.২. মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক প্রযুক্তির প্রদর্শনী স্থাপন | ৩.২.১.আয়োজিত মাঠ প্রদর্শনী | সংখ্যা | ২ | ৬৫ | ২১ | ২১ | ১৯ | ১৭ | ১৫ | ১৩ | ৪২ | ৪২ |
| | | ৩.৩.কৃষক সম্মেলন/মাঠ দিবস এর আয়োজন | ৩.৩.১. আয়োজিত কৃষক সম্মেলন/মাঠ দিবস | সংখ্যা | ২ | ৬৫ | ২১ | ২১ | ১৯ | ১৭ | ১৫ | ১৩ | ৪২ | ৪২ |
| | | ৩.৪.ওয়ার্কসপ/সেমিনার এর আয়োজন | ৩.৪.১.আয়োজিত ওয়ার্কসপ/সেমিনার | সংখ্যা | ১ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | - | - | ৩ | ৩ |
| ৪.সারের গুণগতমান নির্ণয় | ৫ | ৪.১.সার নমুনা বিশ্লেষণ | ৪.১.১.বিশ্লেষিত সার নমুনা | সংখ্যা | ৫ | ৩,৫০০ | ৩,৫০০ | ৩,৭০০ | ৩,৬০০ | ৩,৫০০ | ৩,৪০০ | ৩,৩০০ | ৩,৮৫০ | ৪,০০০ |
| ৫. সমস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা | ৪ | ৫.১ মাটি ও পানির লবণাক্ততা পরিবীক্ষণ | ৫.১.১ মাটি ও পানির নমুনা সংগ্রহ পূর্বক লবণাক্ততা পরিবীক্ষণ ও উপাত্ত সৃজন এবং বিতরণ | সংখ্যা | ১ | - | - | ৪৫০ | ৪৪০ | ৪৩০ | ৪২০ | ৪০০ | ৫০০ | ৫০০ |
| | | ৫.২ লবণাক্ত মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা | ৫.২.১.উপকূলীয় এলাকার লবণাক্ত মৃত্তিকায় প্রায়োগিক গবেষণা ট্রায়াল | সংখ্যা | ২ | ৩০০ | ২০০ | ৫০** | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২০০ | ২০০ |
| | | ৫.৩.মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা | ৫.৩.১.পাহাড়ী মৃত্তিকায় প্রায়োগিক গবেষণা ট্রায়াল | সংখ্যা | ১ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | - | - | ৫ | ৫ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৬. কর্ম ব্যবস্থাপনায় পেশাদারীত্বের উন্নয়ন | ২ | ৬.১ মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | ৬.১.১ প্রধান কার্যালয়ের কর্মকর্তা কতৃক মাঠ পর্যায়ের কার্যালয়ের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন | সংখ্যা | ১ | - | - | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪৫ | ৪৫ |
| | | ৬.২ মানব সম্পদ ব্যবস্থাপনা | ৬.২.১পদোন্নতি | % | ০.৫ | - | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | ৬.২.২ নিস্পত্তিকৃত উচ্চশিক্ষার আবেদন | % | ০.৫ | - | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

* সাময়িক (provisional) তথ্য

** রাজস্ব, প্রকল্প ও কর্মসূচির অর্থায়নে বাস্তবায়িত। চলমান প্রকল্প ও কর্মসূচি ৩০ জুন ২০১৭ সমাপ্ত হবে। ২০১৭-২০১৮ অর্থ বৎসরে রাজস্ব বরাদ্দ হতে উল্লিখিত কার্যক্রম সীমিত আকারে বাস্তবায়ন করা সম্ভব হবে।

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

(মোট মান-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম ৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান- ২০১৭ -২০১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯ এপ্রিল | ১৯ এপ্রিল | ১৯ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকরা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIPরেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম ৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান- ২০১৭ -২০১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্ম সম্পাদন ব্যবস্থাপণা সংক্রান্ত প্রশিক্ষণ সহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ সময়* | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তভূক্ত থাকবে।

আমি, পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়-এর প্রতিনিধি সচিব, কৃষি মন্ত্রণালয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষি মন্ত্রীর প্রতিনিধি হিসাবে পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| পরিচালক<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | ০৫.০৬.২০১৭<br>তারিখ |
| সচিব<br>কৃষি মন্ত্রণালয় | ০৫.০৬.২০১৭<br>তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| এসআরডিআই | সয়েল রিসোর্স ডেভলপমেন্ট ইনস্টিটিউট |
| বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| বারি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট |
| ব্রি | বাংলাদেশ রাইছ রিসার্চ ইনস্টিটিউট |
| বিনা | বাংলাদেশ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার এগ্রিকালচার |
| ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| এআইএস | এগ্রিকালচার ইনফরমেশন সার্ভিস |
| এমএসটিএল | মোবাইল সয়েল টেস্টিং ল্যাবরেটরী |
| এসএমআরসি | স্যালাইনিটি ম্যানেজমেন্ট এন্ড রিসার্স সেন্টার |
| এসসিডব্লিউএমসি | সয়েল কনজারভেশন এন্ড ওয়াটারশেড ম্যানেজমেন্ট সেন্টার |

**সংযোজনী- ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | জরিপকৃত উপজেলা | উপজেলা নির্দেশিকা প্রণয়নের জন্য মৃত্তিকা ও ভূ-সম্পদের তথ্য উপাত্ত সংগ্রহের লক্ষ্যে সরেজমিনে পর্যবেক্ষণ ও উদ্ভিদ পুষ্টিমান নির্ণয়ের জন্য মৃত্তিকা নমুনা সংগ্রহ। | আঞ্চলিক ও জেলা কার্যালয়। | জরিপকৃত উপজেলার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ২. | মুদ্রিত উপজেলা নির্দেশিকা | উপজেলা ভূমি ও মৃত্তিকা সম্পদ এর যথাযথ ব্যবহারের জন্য জরিপকৃত তথ্য-উপাত্ত সম্বলিত পুস্তক। | আঞ্চলিক ও জেলা কার্যালয়,এবং উপজেলা নির্দেশিকা সেল। | মুদ্রিত উপজেলা নির্দেশিকার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৩. | মুদ্রিত ইউনিয়ন সহায়িকা | ভূমি ও মৃত্তিকা সম্পদ এর তথ্য-উপাত্ত কৃষকের নিকট সহজলভ্য করার জন্য ভূমি শ্রেণি ভিত্তিক উপযোগী ফসল ও সার সুপারিশ সম্বলিত পুস্তিকা। | আঞ্চলিক ও জেলা কার্যালয়, উপজেলা নির্দেশিকা সেল। | মুদ্রিত ইউনিয়ন সহায়িকার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৪. | তথ্য-উপাত্ত হালনাগাদকৃত উপজেলা | মৃত্তিকা জরিপলব্ধ তথ্য-উপাত্ত "অনলাইন ফার্টিলাইজার রিকমেন্ডেশন সিস্টেম" এর জন্য হালনাগাদকরণ। | ডিপিএসএস সেকশন। | তথ্য-উপাত্ত হালনাগাদকৃত উপজেলার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৫. | বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | উপজেলা নির্দেশিকা প্রণয়ন ও কৃষকের মাঝে সুষম সার সুপারিশ কার্ড প্রদানের জন্য মৃত্তিকা নমুনা বিশ্লেষণ। | কেন্দ্রীয় ও আঞ্চলিক গবেষণাগারসমূহ এবং এমএসটিএল। | বিশ্লেষিত নমুনার সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৬. | বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সুষম সার ব্যবহার করে ফসলের ফলন বৃদ্ধির লক্ষ্যে মৃত্তিকা নমুনা বিশ্লেষিত ফলাফলের ভিত্তিতে সুষম সার সুপারিশ কার্ড প্রণয়ন করে কৃষকদের মাঝে বিতরণ। | আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং কেন্দ্রীয় ও আঞ্চলিক গবেষণাগারসমূহ। | বিতরণকৃত সার সুপারিশ কার্ডের সংখ্যা , এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৭. | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষক | ভূমি ও মৃত্তিকা সম্পদ এর উন্নয়ন ও সংরক্ষণের লক্ষ্যে উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে কৃষি কর্মকর্তা ও কৃষককে প্রশিক্ষণ প্রদান। | প্রধান কার্যালয়, আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং কেন্দ্রীয় ও আঞ্চলিক গবেষণাগারসমূহ। | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষকের সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৮. | প্রযুক্তি গবেষণা ট্রায়াল | মৃত্তিকা, সার, লবণাক্ততা ও ক্ষয়িষ্ণু পাহাড়ী ভূমি ব্যবস্থাপনা বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তির সম্প্রসারণের জন্য গবেষণা ট্রায়াল প্লট স্থাপন। | আঞ্চলিক ও জেলা কার্যালয় এবং সংশ্লিষ্ট গবেষণা কেন্দ্র। | স্থাপিত প্রযুক্তি ট্রায়ালের সংখ্যা, এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদন। | |

**সংযোজনী ৩** :অন্যান্য প্রতিষ্ঠানের/বিভাগের/ নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ: প্রযোজ্য নয়

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের/প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| কৃষি সম্প্রসারণ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ১.২.১, ২.২.১, ২.৩.১, ৩.১.১, ৩.২.১, ৩.৩.১, ৪.১.১ | প্রযুক্তি সম্প্রসারণ, ভেজাল সার সনাক্তকরণ, ভ্রাম্যমান মৃত্তিকা গবেষণাগারের মাধ্যমে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড বিতরণ ইত্যাদিতে সহায়তা। | তৃণমূল পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জনবল থাকার কারনে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর প্রযুক্তি, সার সুপারিশ সেবা কার্যক্রম, প্রশিক্ষণ ইত্যাদি কৃষক পর্যায়ে বাস্তবায়ন সহজতর হয়। | ৬০% | টেকসই কৃষি উৎপাদন ব্যবস্থায় মন্থরতা দেখা দিতে পারে। ফলে খাদ্য নিরাপত্তায় এর প্রভাব পড়তে পারে। |